গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
দাখিল ও এবতেদায়ী মাদ্রাসা শাখা
গাইড হাউস (৭ম ও ১০ম তলা), নিউ বেইলী রোড
www.dme.gov.bd

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৪.৩৪.০০১.২১.২৪৬

তারিখ: ১৫ ফাল্গুন ১৪২৮
২৮ ফেব্রুয়ারি ২০২২

বিষয়: **বরিশাল জেলার বানারীপাড়া উপজেলাধীন আউয়ার ইসলামিয়া দাখিল মাদ্রাসার কর্মরত এবতেদায়ী জুনিয়র মৌলভী, জনাব এ, বি মোঃ রফিকুল ইসলাম (ইনডেক্সং নং- B067107) এর প্রার্থীত ব্যাংক হিসাব নম্বর সংশোধনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে প্রসঙ্গে।**

সূত্র: (০১)USEO,বানারীপাড়া, বরিশাল এর স্মারক নং-উমাশিকা/বানারী/২৪৫/২১;তাং:২২/০৯/২০২১
(০২)তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদনের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০২.২৩.০০১.২১.১৫;তাং:২০/০১/২০২২

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, বরিশাল জেলার বানারীপাড়া উপজেলাধীন আউয়ার ইসলামিয়া দাখিল মাদ্রাসার কর্মরত এবতেদায়ী জুনিয়র মৌলভী, জনাব এ, বি মোঃ রফিকুল ইসলাম (ইনডেক্সং নং- B067107) এর এমপিও শীটে ব্যাংক হিসাব নম্বর সংশোধনের আবেদন সূত্রোস্থ (০১) নং স্মারকে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বানারীপাড়া, বরিশাল এর মাধ্যমে অত্র অধিদপ্তরে অগ্রায়ণ করা হয়।

০২। ব্যাংক হিসাব নম্বর সংশোধন সংক্রান্ত আবেদনটি নিষ্পত্তির লক্ষ্যে তদন্তপূর্বক প্রমাণকসহ সুনির্দিষ্ট মতামত প্রদানপূর্বক তদন্ত প্রতিবেদন দাখিলের জন্য জনাব মোঃ লুৎফর রহমান, সহকারী পরিচালক (অর্থ),মাশিঅ এবং জনাব মোঃ শরিফুল ইসলাম, প্রোগ্রামার, মেমিস,মাশিঅ এর সমন্বয়ে তদন্ত কমিটি গঠন করা হয়।সূত্রোস্থ ০২ নং স্মারকে তদন্ত কমিটি কর্তৃক তদন্ত প্রতিবেদন দাখিল করা হয়। তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদনের মতামত নিম্নরূপ:"প্রতিকার প্রার্থী জনাব এ,বি মোঃ রফিকুল ইসলাম, (ইনডেক্স নং-B067107) এর এমপিওশীটে ব্যাংক হিসাব নম্বর সংশোধনের 4545 এর স্থলে ব্যাংক হিসাব নং- 4303401016361 সংশোধন করার নিমিত্ত সংশ্লিষ্ট কাগজ পত্র যাচাইয়ে দেখা যায় যে- (ক) জনাব এ, বি মোঃ রফিকুল ইসলাম, (ইনডেক্স নং- B067107), ডিসেম্বর/১৯৮৩ সালে এবতেদায়ী জুনিয়র মৌলভী পদে নিয়োগ প্রাপ্ত হয়ে ফেব্রুয়ারী/১৯৯৮ সালে এবতেদায়ী জুনিয়র মৌলভী পদে প্রথম এমপিওভুক্ত হন। এমপিওশীটে ব্যাংক হিসাব নং 4545 আছে।

(খ) প্রাপ্ত তথ্য বিশ্লেষণ করে জানা যায় যে, তিনি বর্তমানে ১৫ কোডে সরকারী বেতনভাতাদি পাচ্ছেন। এমপিও শিটে তার বর্তমান যে রুপালী ব্যাংক লি. বানারীপাড়া শাখা, বরিশাল ব্যাংক হিসাব নম্বর 4545 রয়েছে তা ভুল নম্বর, যার সঠিক হিসাব নম্বর 4548। ভুল ব্যাংক হিসাব নম্বরটি সংশোধন করা হলে সরকারের আর্থিকভাবে কোনরকম ক্ষয়ক্ষতি হবে না মর্মে ব্যাংক ব্যবস্থাপক, রুপালী ব্যাংক লি. বানারীপাড়া শাখা, বরিশাল প্রত্যয়ন প্রদান করেন।

(গ) এছাড়া প্রতিকার প্রার্থীর ব্যাংক হিসাব নম্বর সংশোধন চেয়ে নিজ স্বাক্ষরে আবেদন করেছেন মর্মে টেলিফোনযোগে স্বীকারোক্তি প্রদান করেন। জনাব এ, বি মোঃ রফিকুল ইসলাম, (ইনডেক্স নং-B067107), ভুল ব্যাংক হিসাব নং-4545 এর স্থলে সঠিক ব্যাংক হিসাব নং-4548 থেকে বেতনভাতা উত্তোলন করলেও তার ইনডেক্স নং- B067107 এবং এই ইনডেক্স নম্বর থেকে বেতনভাতা ভোগ করছেন বিধায় উক্ত ব্যাংক হিসাব নম্বর সংশোধন করা যায় মর্মে প্রতীয়মান হয়।

ঘ) **বরিশাল জেলার বানারীপাড়া উপজেলাধীন আউয়ার ইসলামিয়া দাখিল মাদ্রাসার এমপিও শীটে জনাব এ, বি মোঃ রফিকুল ইসলাম, এবতেদায়ী জুনিয়র মৌলভী (ইনডেক্স নং-B067107) এর এমপিও শীটে ভুল ব্যাংক হিসাব 4545 এর স্থলে সঠিক ব্যাংক হিসাব নং-4548 প্রতিস্থাপনের জন্য সুপারিশ করা হলো।**

০৩। ব্যবস্থাপক, রুপালী ব্যাংক লিমিটেড, বানারীপাড় শাখা, বরিশাল কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্রে উল্লেখ করা হয়েছে যে,"জনাব এ. বি. এম রফিকুল ইসলাম, পিতাঃ মোঃ হাতেম আলী, মাতাঃ সখিনা খাতুন, গ্রামঃ ইন্দের হাওলা, ডাকঃ আউয়ার,উপজেলাঃ বানারীপাড়া, জেলাঃ বরিশাল। সে আউয়ার ইসলামিয়া দাখিল মাদ্রাসায় এবতেদায়ী জুনিয়র মৌলভী পদে কর্মরত আছেন। অত্র শাখায় তিনি একটি সঞ্চয়ী হিসাব পরিচালনা করছেন। তাহার সঠিক হিসাব নম্বর T-3269011004548। কিন্তু ভুল বশত এমপিও শীট এ 3269011004545 লেখা হয়েছে। তাহার ইনডেক্স নম্বর-০৬৭১০। তিনি T-3269011004548 হিসাব নম্বর থেকে টাকা উত্তোলন করলে সরকারের আর্থিক ক্ষতি হবে না।"

০৪। তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদন, ব্যবস্থাপক, রুপালী ব্যাংক লিমিটেড, বানারীপাড়া শাখা, বরিশাল কর্তৃক বিস্তারিত প্রত্যয়ন এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বানারীপাড়া, বরিশাল এর সুপারিশসহ অগ্রায়ণ এবং প্রতিকার প্রার্থীর আবেদন অনুযায়ী জনাব এ, বি মোঃ রফিকুল ইসলাম এর প্রার্থীত ব্যাংক হিসাব নম্বর নিম্নরূপঃ

| ক্রমিক নং | নাম, পদবী, ইনডেক্স ও প্রতিষ্ঠনের ঠিকানা | এমপিও শীটে বিদ্যমান ব্যাংক হিসাব নম্বর | প্রার্থীত ব্যাংক হিসাব নম্বর | মন্তব্য |
|---|---|---|---|---|

| | | | | |
|---|---|---|---|---|
| ০১ | জনাব এ, বি মোঃ রফিকুল ইসলাম (ইনডেক্সং নং- B067107), এবতেদায়ী জুনিয়র মৌলভী, আউয়ার ইসলামিয়া দাখিল মাদ্রাসা, বানারীপাড়া, বরিশাল। | 4545 রুপালী ব্যাংক লি. বানারীপাড় শাখা, বরিশাল | 4548 রুপালী ব্যাংক লি. বানারীপাড় শাখা, বরিশাল | এমপিও শীটে বিদ্যমান ব্যাংক হিসাব নম্বর 4545 এর পরিবর্তে আবেদনকারীর প্রার্থীত ব্যাংক হিসাব নম্বর 4548 সংশোধন যোগ্য। |

০৫। এমতাবস্থায়,তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদনের মতামত, , ব্যবস্থাপক, রুপালী ব্যাংক লিমিটেড, বানারীপাড়া শাখা, বরিশাল কর্তৃক বিস্তারিত প্রত্যয়ন এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বানারীপাড়া, বরিশাল এর সুপারিশসহ অগ্রায়ণ এর ভিত্তিতে এবং প্রতিকার প্রার্থীর আবেদন অনুযায়ী নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে এমপিও শীটে জনাব এ, বি মোঃ রফিকুল ইসলাম (ইনডেক্সং নং- B067107), এর ব্যাংক হিসাব নম্বর 4545 এর স্থলে প্রার্থীত ব্যাংক হিসাব নম্বর 4548 সংযোজনপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো এবং পত্রের বর্ণনামতে যথাযথভাবে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক বাস্তবায়ন প্রতিবেদন (Compliance Report) দাখিলের জন্যও অনুরোধ করা হলো।

শর্তসমূহ:১। পরবর্তীতে কোন তথ্য ভুল/মিথ্যা প্রমাণিত হলে সংশ্লিষ্ট আবেদনকারী, সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান,সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃপক্ষ, সংশ্লিষ্ট তদন্তকারীগণ দায়ী থাকবে।

২। সরকারের অর্থের কোন প্রকার অপচয়/তছরুফ হলে সংশ্লিষ্ট আবেদনকারী, প্রতিষ্ঠান উক্ত অর্থ ফেরত দিতে বাধ্য থাকিবে।

৩। পরবর্তীতে নিয়োগ সংক্রান্ত/অন্যান্য ডকুমেন্টস ভুল/মিথ্যা/জাল প্রমাণিত হলে উক্ত শিক্ষক সরকারের যে কোন আইনানুগ শাস্তি গ্রহণে বাধ্য থাকবে।

৪। **প্রতিকার প্রার্থী জনাব এ, বি মোঃ রফিকুল ইসলাম (ইনডেক্সং নং- B067107), কোনরূপ বকেয়া দাবি করতে পারবে না।**

সংযুক্তি: বর্ণনামতে-০৬ ফর্দ

২৮-২-২০২২
কে, এম, রুহুল আমীন
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

পরিচালক (প্রশাসন ও অর্থ) এবং প্রকল্প পরিচালক,
মেমিস, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৪.৩৪.০০১.২১.২৪৬/১(৬)

তারিখ: ১৫ ফাল্গুন ১৪২৮
২৮ ফেব্রুয়ারি ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিবের একান্ত সচিব (উপসচিব), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

২) উপ-পরিচালক (প্রশাসন), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)

৩) সহকারী পরিচালক (অর্থ) এবং সদস্য সচিব, এমপিও কমিটি, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

৪) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বানারীপাড়া, বরিশাল।

৫) সভাপতি/সুপার/ জনাব এ, বি মোঃ রফিকুল ইসলাম (ইনডেক্সং নং- B067107), এবতেদায়ী জুনিয়র মৌলভী, আউয়ার ইসলামিয়া দাখিল মাদ্রাসা, বানারীপাড়া, বরিশাল।

৬) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

২৮-২-২০২২
জান্নাতুন নাহার
সহকারী পরিচালক